উপজেলা পরিষদ কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট

বিষয় ঃ উপজেলা পরিষদের মে/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ বিধান কান্তি হালদার
প্রশাসক, উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ ঃ ২৯/০৫/২০২৫ খ্রিঃ

সভার সময় ঃ সকাল- ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ২৪/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, আদিতমারী, লালমনিরহাট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সহায়তার লক্ষ্যে চলতি খরিপ-১/২০২৪-২৫ অর্থবছরে আদিতমারী উপজেলার পাট আবাদের জন্য ৯০ জন কৃষককে বীজ ও রাসায়নিক সার প্রদান করা হয়েছে। গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদের জন্য ১৭০ জন কৃষক কে বীজ ও রাসায়নিক সার সহায়তা করার লক্ষে কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে পোকা মাকড় ও রোগবালাইয়ের আক্রমন নিয়ন্ত্রনে রয়েছে। রাসায়নিক সার ও ডিজেলের মজুদ সন্তোষজনক। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সহায়তা (প্রণোদনা) বীজ ও সারের সঠিক ব্যবহার নিশ্চিত করতে মাঠ পর্যায়ের উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের তৎপর থাকতে হবে। চলতি আমন মৌসুমে এ উপজেলার লক্ষ্যমাত্র নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার আদিতমারী। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট- সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আদিতমারী, লালমনিরহাট- ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল (যার জনবল ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতালের)। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী ও অন্তঃ বিভাগ সপ্তাহের ৭ দিন ২৪ ঘন্টা খোলা থাকে। আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং দুর্গাপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের বহিঃবিভাগ প্রত্যেক শনিবার হতে বৃহস্পতিবার পর্যন্ত সকাল ৮.০০ ঘটিকা হইতে বেলা ২.৩০ ঘটিকা পর্যন্ত খোলা থাকে এবং কমিউনিটি ক্লিনিক, টিকাদান কর্মসূচি সহ অন্যান্য মাঠকার্য সকাল- ৯.০০ ঘটিকা হতে বিকাল- ৩.০০ ঘটিকা পর্যন্ত চলমান থাকে। তিনি আরও জানান যে, মে/২০২৫ ইং মাসে অত্র উপজেলায় মোট ২৮ জন চিকিৎসকের মধ্যে ০৮ জন চিকিৎসক কর্মরত আছেন। সিনিয়র স্টাফ নার্স ঃ ২৬ জনের বিপরীতে ২৫ জন, মিডওয়াইফঃ ৫ জনের বিপরীতে ৫ জন, মেডিকেল টেকনোলজিষ্ট ঃ ৭ জনের বিপরীতে ৫ জন, এসএসিএমও ঃ ১০ জনের বিপরীতে ৪ জন এবং অন্যান্য জনবলঃ ৫৮ জনের বিপরীতে ৪২ জন বর্তমানে কর্মরত আছেন। সিজারিয়ান সেকশন- ৩ টি, কমিউনিটি ক্লিনিক সেবা- ১৪৫৮৮ জন, ইপিআই কার্যক্রম- চলমান। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের ওটি কমপ্লেক্স-এ মেজর অপারেশন চলমান রয়েছে। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আদিতমারী, |

চলমান পাতা-০২

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় মে/২০২৫ খ্রিঃ মাসের দাপ্তরিক কার্যক্রম নিম্নরুপভাবে উপস্থাপন করেন। কৃত্রিম প্রজনন সম্প্রসারণ- ৮০৫ টি, শংকর জাতের বাছুর উৎপাদন- ২১১, টিকা প্রদান সম্প্রসারণ ঃ গবাদি পশুর- ৭২৬৪ মাত্রা, হাঁস-মুরগীর- ৭২,৩০০ মাত্রা, চিকিৎসা প্রদান- গবাদি পশুর চিকিৎসা প্রদান- ২৩৯৭টি, হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান- ১২,৬১৮টি। খামারী প্রশিক্ষণ প্রদান- ২৫ জন, উঠান বৈঠকের সংখ্যা - ০৩টি। খামারী/ফিড মিল/হ্যাচারি পরিদর্শন সংখ্যা- ০৮টি। তিনি সভায় আরো জানান যে, আসন্ন পরিবত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে এ উপজেলার গবাদিপশুর হাটগুলোতে উপজেলা প্রাণী সম্পদ বিভাগের ভেটেরিনারী মেডিক্যাল টিম গঠন করা হয়েছে। যা হাট চলাকালীন সময়ে হাটগুলোতে অস্থান করবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | আসন্ন ঈদ উল আযহা উপলক্ষে গবাদিপশুর হাটগুলোতে উপজেলা প্রাণীসম্পদ বিভাগের ভেটেরিনারী মেডিক্যাল টিমের অবস্থান নিশ্চিত করতে হবে। মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে। পিপিআর রোগের ভ্যাক্সিনেশনের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনাসহ গবাদি পশু মোটাতাজা করণের জন্য স্টোরয়েট বা হরমোন ব্যবহারের নিরুৎসাহিত করার প্রচার প্রচারনা চালাতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী। |
| ০৪ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি'র এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি) অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের টেন্ডার হয়ে গেছে। মাঠ পর্যায়ে প্রকল্পসমূহের বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি'র) প্রকল্পসমূহের কাজ নিয়মিত মনিটরিংসহ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। | উপজেলা প্রকৌশলী আদিতমারী। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার আদিতমারী সভায় জানান যে, ১ম প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা গত ০৫/০৫/২০২৫ খ্রিঃ থেকে শুরু হয়ে ২২/০৫/২০২৫ খ্রিঃ তারিখ শেষ হয়েছে। বিদ্যালয় ভিত্তি ফলাফল প্রদান কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে শিক্ষার্থীদের শতভাগ উপবৃত্তি প্রদানের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে Ibass++ এর মাধ্যমে উপবৃত্তির অর্থ বিতরণ করা হয়। এজন্য PESP MIS Software এর ডাটা এন্ট্রি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (১) শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়ারোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। (২) PESP MIS Software এর ডাটা এন্ট্রি কার্যক্রম শতর্কতার সহিত পরিচালনা করতে হবে। যেন কোন শিক্ষার্থীর তথ্য বাদ না পরে। | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ঈদ-উল আযহা এবং গ্রীষ্মকালীন উপলক্ষে ৩০মে ২০২৫ হতে ২১জুন/২০২৫ তারিখ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে। আগামী ২৪ জুন ২০২৫ তারিখ হতে সকল বিদ্যালয়ের অর্ধ বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। শুধুমাত্র মাদ্রাসায় অর্ধ বার্ষিক পরীক্ষা ৩০ জুন ২০২৫ হতে শুরু হবে। এছাড়া বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (১) শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং করতে হবে। কোন অনিয়ম হলে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে। (২) শিক্ষার মানবৃদ্ধি ছাত্রছাত্রী ঝরেপড়া রোধে এবং বাল্য বিবাহ প্রতিরোধে বিদ্যালয়গুলোতে নিয়মিত অভিভাবক সমাবেশের আয়োজন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী |
| ০৭ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী, সভায় ২০২৪-২০২৫ অর্থ বছরে আদিতমারী উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতির বিবরণ নিম্নরুপ ভাবে উপস্থাপন করেন। কাবিখা উপজেলা ভিত্তিক বরাদ্দ ১ম ও ২য় পর্যায় প্রাপ্ত বরাদ্দ- অর্থ ১,৩০,৪৯,৬৪৩/১৩, প্রকল্প সংখ্যা- ৩২টি, ব্যয়- ৬১,২৪,৫০০/- টাকা, কাজের অগ্রগতি- ৬৫%, গম- ৯৩.২১১৭ মেঃটন, প্রকল্প সংখ্যা- ১০টি, ব্যয়-৪৭.০০ মেঃটন, কাজের অগ্রগতি- ৬০% এবং চালের বিপরীতে বরাদ্দ- ৯৩.২১১৭ মেঃটন, প্রকল্প সংখ্যা- ১০টি, ব্যয়-৩৩.৮০০ মেঃটন, কাজের অগ্রগতি- ৫০%। কাবিখা উপজেলা ভিত্তিক বরাদ্দ ৩য় পর্যায় প্রাপ্ত বরাদ্দ- অর্থ ৬৫,২৪,৮২১/৫৭, প্রকল্প সংখ্যা- নেই, ব্যয়- নেই, কাজের অগ্রগতি- প্রক্রিয়াধীন, চালের বিপরীতে বরাদ্দ-৩৭.২৮৫ মেঃটন, | ২০২৪-২০২৫ অর্থ বছরে এ উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়মিত ভাবে মনিটরিং করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী |

চলমান পাতা-০৩

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্প সংখ্যা- নেই, ব্যয়- নেই, কাজের অগ্রগতি- প্রক্রিয়াধীন, গমের বিপরীতে প্রাপ্ত বরাদ্দ- ৩৭.২৮৫ মেঃটন, প্রকল্প সংখ্যা- নেই, ব্যয়- নেই, কাজের অগ্রগতি- প্রক্রিয়াধীন। টিআর উপজেলাভিত্তিক (১ম ও ২য় পর্যায়) প্রাপ্ত বরাদ্দ- ১,২২,৮৮,৬৫৪/২৭, প্রকল্প সংখ্যা- ৫৫টি, ব্যয়- ৫২,৪০,৮০০/- টাকা, কাজের অগ্রগতি- ৫০%। টিআর উপজেলাভিত্তিক ৩য় পর্যায় প্রাপ্ত বরাদ্দ- ৬১,৪১,৩২৭/১৪, প্রকল্প সংখ্যা- নেই, ব্যয়- নেই, কাজের অগ্রগতি- প্রক্রিয়াধীন। টিআর বিভাগীয় কমিশনার ১ম পর্যায় প্রাপ্ত বরাদ্দ- ৫,৯৩,০০০/-, প্রকল্প সংখ্যা- ০৫টি, ব্যয়- ৫৭,৫০০/- টাকা, কাজের অগ্রগতি- ৩০%। টিআর জেলা প্রশাসক ১ম পর্যায় প্রাপ্ত বরাদ্দ-৯,৯৫,০০০/-, প্রকল্প সংখ্যা- ০৭টি, ব্যয়- ২,৫০,০০০/- টাকা, কাজের অগ্রগতি- ৩০%। এইচবিবি করণ কাজের প্রাপ্ত বরাদ্দ-৭৩,৮৮,৮১৫/-, প্রকল্প সংখ্যা- ০১টি, ব্যয়- নেই, কাজের অগ্রগতি- ৩০%।এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | | |
| ০৮ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, চতুর্থ কিস্তিতে বিভিন্ন সুবিধাভোগীর ভাতার পেরোল ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। পবিত্র ঈদ-উল আযহার পূর্বেই উপকারভোগীগণ ভাতার টাকা পাবেন বলে আশাবাদি। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আদিতমারী |
| ০৯ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, হ্যাচারী লাইসেন্স ও মৎস্য খাদ্য লাইসেন্স নবায়ন কার্যক্রম গ্রহণ ও মৎস্য খাদ্য ও হ্যাচারী উপর আইন বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে। সাপ্টিবাড়ী ও সারপুকুর ইউনিয়নের মৎস্য অভয়াশ্রম ০২টি সংস্কার করা হয়েছে। ০২টি বিল নার্সারী সংস্কার করা হয়েছে এবং অভয়াশ্রমে সার্বক্ষনিক নিরাপত্তা প্রদানসহ তদারকির জন্য সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। এছাড়া বিভাগের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | মৎস্য চাষীদের মাছের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে এবং মৎস্য খামারসমূহ নিয়মিত মনিটরিংসহ দেশীয় প্রজাতির মাছ রক্ষায় রিং জাল, কারেন্ট জাল, চায়না জঞ্জাল ক্রয়-বিক্রয় এবং স্থাপনের বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসার এর সাথে সমন্বয় করে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার আদিতমারী |
| ১০ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপে উপস্থাপন করেন। **(১) স্থায়ী পদ্ধতি ঃ** ক) পুরুষ- নেই, খ) মহিলা- ০৬ জন। **(২) দীর্ঘমেয়াদী পদ্ধতি ঃ** ক) আইইউডি- নাই, খ) ইমপ্লান্ট- ১১২ জন **(৩) অস্থায়ী পদ্ধতি ঃ** ক) খাবার বড়ি সুখী বিতরণ- ৩৭৩৬ সাইকেল, খ) খাবার বড়ি আপন বিতরণ- ৩০৬ সাইকেল, গ) কনডম- ৫৭১৬ পিস, ঘ) ইনজেকটেবলস- ২৬২৩ ভায়েল। **(৪) মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম ঃ-** ক) গর্ভবতী মা এর সংখ্যা- ১৫৮৯ জন, খ) গর্ভবতী মা এর পরিচর্যা- ১০২৪ জন, গ) প্রসবোত্তর সেবা- ২৫১ জন, ঘ) জীবিত জন্ম- ২৪৬ জন, ঙ) ০-৫ বছরের শিশু সেবা- ৪১৬০ জন, চ) সাধারণ রোগীর সেবা- ২৭৫ জন। **(৫) পরিবার পরিকল্পনা কার্যক্রম ঃ মোট সক্ষম দম্পতি ঃ** ৫০৭১৩ জন, **(৬) মোট পদ্ধতি গ্রহণকারী ঃ** ৪১৪২২ জন, **(৭) পদ্ধতি গ্রহণকারীর হার (CAR)** ঃ ৮১.৬৮%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | ১) নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানসহ আবাসন, গুচ্ছগ্রাম ও আদর্শগ্রাম প্রকল্পে পরিবার পরিকল্পনা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে সেমিনার/মতবিনিময় সভার আয়োজন করতে হবে।<br><br>২) মা ও শিশু স্বাস্থ্যকেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন করাসহ সেবার মান বৃদ্ধি করতে হবে। | উপজেলা পঃপঃ অফিসার আদিতমারী |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এ মাসে ৬০ জন যুবক ও যুব মহিলাকে গবাদিপশু পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রম অব্যাহত আছে। ইমপ্যাকট প্রকল্পের প্রশিক্ষণ চলতি অর্থ বছরে ২টি ব্যাচে মোট ৪০ জন যুবক ও যুব মহিলাকে প্রশিক্ষণের আওতায় আনা হয়েছে এবং আরও ০১টি ব্যাচে মোট ২০ জনের প্রশিক্ষণ এ মাসে শুরু হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠু ভাবে চলছে। | আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষিত যুবক ও যুবতিদের ঋণ প্রদানের পাশাপাশি নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |

চলমান পাতা-০৪

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তরের কোন কার্যপত্র না পাওয়ায় তার দপ্তর সম্পর্কে আলোচনা গেল না। | আগামী সভায় বিস্তারিত কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এ উপজেলায় বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন সেবা দিয়ে আসছে। বিভিন্ন প্রকল্পের ওয়াটার এবং স্যানিটেশনের যাবতীয় মালামাল অফিসের গোডাউনে সংরক্ষণ করা হয়। অফিসের কোন বাউন্ডারী ওয়াল না থাকার কারণে ওয়াটার ও স্যানিটেশনের যাবতীয় মালামালসহ সরঞ্জামাদী অরক্ষিত রয়েছে। তৎপ্রেক্ষিতে প্রধান কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা কর্তৃক জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, আদিতমারী উপজেলায় ৫০ (পঞ্চাশ) ফুট বাউন্ডারী ওয়াল নির্মাণের বরাদ্দ প্রদান করেছেন। বর্ণিত বরাদ্দ দ্বারা অফিসের বাউন্ডারী ওয়াল নির্মাণের অনুমোদনের জন্য তিনি সভায় প্রস্তাব রাখেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, আদিতমারী, উপজেলার বিভিন্ন প্রকল্পের ওয়াটার এবং স্যানিটেশনের যাবতীয় মালামালের সার্বিক নিরাপত্তার সার্থে ৫০ (পঞ্চাশ) ফুট বাউন্ডারী ওয়াল নির্মানের অনুমোদন প্রদান করা হলো এবং উপজেলা প্রকৌশলী কে, সরেজমিন পরিদর্শন অন্তে: কারিগরি সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ জানানো হলো। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী, আদিতমারী। |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী সভায় জানান যে, (১) **বিভাগীয় ঃ** ক) অডিট যোগ্য সমিতির সংখ্যা- ১২৩টি, খ) অডিট সম্পাদনকৃত সমিতির সংখ্যা- ১২৩ টি, গ) অডিট নোট দাখিল- ১২৩টি, বর্তমানে এ পর্যন্ত সমবায় সমিতির সংখ্যা ১২৮ টি। (২) **অডিট সেস ঃ** ক) ধার্যকৃত অডিট সেস- ৩১৬৩০/- টাকা, খ) আদায়কৃত অডিট সেস- ৩১৬৩০/- গ) অনাদায়ী অডিট সেস- নেই, ঘ) ১৫% ভ্যাট আদায়- ৪৭৫৬/- টাকা, ঙ) আদায় হার- ১০০%। (৩) **সিডিএফ ঃ** ক) ধার্যকৃত সিডিএফ- ২৫৮৭৩/- টাকা, খ) আদায়কৃত সিডিএফ-২৫৮৭৩/- টাকা, গ) অনাদায়ী সিডিএফ- নেই, ঘ) আদায় হার- ১০০%। (৪) **লভ্যাংশ বিতরণ যোগ্য ঃ (৫) আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ ঃ** ক) মোট আশ্রয়ন= ২টি, আশ্রয়ন (ফেইজ-২)= ০২টি। মোট আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ = ৪টি এবং সমিতি মোট= ৫টি, খ) ব্যারাক সংখ্যা- ২২টি, গ) কক্ষ ও পূনর্বাসিত পরিবার সংখ্যা- ২২০টি, ঘ) মোট সদস্য সংখ্যা-৪৫১ জন (পুরুষ- ২১২, মহিলা- ২৩৯ জন), ঙ) কমিউনিটি সেন্টার- ০৩ টি, চ) পুকুর/দিঘী- ০৩ টি। **ঋণ সংক্রান্ত ঃ** ক) আবাস হতে প্রাপ্ত মোট বরাদ্দ- ১৬,৬০,০০০/- টাকা, খ) প্রকল্পে ঋণ দাদন (ক্রমপুঞ্জিভূত)- ৪০,৪৩,৫০০/- টাকা, গ) ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত)- ২৯,৭৪,০৪৬/- টাকা (আসল- ২৭,৫৩,৭৪৬/- টাকা, সাঃ চাঃ ২,২০,৩০০/-টাকা)। ঘ) খেলাপী ঋণ- ১৫,৫৬,৩৫৪/- টাকা, ঙ) আদায়ের হার- ৮৬%, চ) আবাসে সার্ভিস চার্জ প্রেরণ- ৮২৬১২/- টাকা। সমবায় বিভাগ কর্তৃক প্রকল্প সিভিডিপি হতে প্রেরণসহ এ যাবৎ বিভিন্ন ট্রেডে মোট ৩৪০ জন প্রশিক্ষণ সফলভাবে গ্রহণ করেছেন এর মধ্যে ২০০ জনের স্বকর্মস্থানের সৃষ্টি হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসার-কে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী। |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসের গৃহিত কার্যক্রমের বিষয়ে দাপ্তরিক কাজের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ ভাবে উপস্থাপন করেন। (১) **ফসলী ঋণ ঃ-** পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ নেই। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে-নেই, ক্রমঃ নেই। (২) **মেয়াদী ঋণ ঃ-** পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ নেই। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে- নেই, ক্রমঃ নেই। (৩) **আবর্তক ঋণ ঃ-** পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- ০.১২, ক্রমঃ ১১.৯৭। ঋণ বিতরণ ঃ মাসে- নেই, বছরে- ৭.০৮। ঋণ আদায় ঃ মাসে- ০.৩০, বছরে- ৩.৬১। (৪) **সদাবিক ঃ-** পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- ০.২৬, ক্রমঃ ৮.৭৬,। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |

চলমান পাতা-০৫

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঋণ বিতরণ ঃ মাসে- ০.০০, বছরে- ৪.৮৫। ঋণ আদায় ঃ মাসে- ০.৩০, বছরে- ২.০৫। **(৫) পল্লী প্রগতিঃ-** পুজি গঠন ঃ- মাসে নেই, বছরে-নেই, ক্রমঃ নেই। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে-নেই। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে- ০.৪৬। **(৬) অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ঃ-** পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে- ০.৮০। ঋণ আদায় ঃ মাসে-নেই, বছরে- ০.২৪। **(৭) উদকনিকঃ-** পুজি গঠন ঃ- মাসে- নেই, বছরে-০.৭০, ক্রমঃ ৪.৩০। ঋণ বিতরণ ঃ মাসে- নেই, বছরে-৪.৮০। ঋণ আদায় ঃ মাসে- ০.০৫, বছরে- ৪.১০। **(৮) অপ্রধান শস্য ঃ-** পুজি গঠন ঃ- মাসে- ০.২০, বছরে- ০.৯০, ক্রমঃ ১৩.৭১। ঋণ বিতরণ ঃ মাসে- ৪.৫০, বছরে- ২৫.৫৪। ঋণ আদায় ঃ মাসে- ৩.০০, বছরে- ১১.৩৫। **(৯) গুচ্ছ গ্রাম ঃ-** পুজি গঠন ঃ- মাসে- নেই, বছরে- নেই, ক্রমঃ ০.৪৯,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে-নেই। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে- নেই। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের বিষয়ে কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, আদিতমারী |
| ১৭ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের বিষয়ে কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কর্মকর্তা আদিতমারী |
| ১৮ | সাব-রেজিষ্টার বিভাগ | সাব-রেজিষ্টার কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে।রজিষ্টার কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | সাব-রেজিষ্টার আদিতমারী |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | বিস্তারিত কার্যপত্র না পাওয়ায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আদিতমারী, লালমনিরহাট। |
| ২০ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা আদিতমারী |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম/২০২৫ ইতোমধ্যে সুষ্ঠুভাবে শেষ হয়েছে। বর্তমাণে শুধুমাত্র নতুন ভোটার অন্তর্ভূক্তকরণ, জাতীয় পরিচয়পত্র সংশোধন, স্থানান্তর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | নতুন ভোটার অন্তর্ভূক্তি, স্থানান্তর, ও সংশোধনের ক্ষেত্রে অধিকতর যাচাই বাচাই করতে হবে। কোন ভাবেই যেন কোন রোহিঙ্গা ভোটার তালিকায় নাম জাতীয় পরিচয় পত্র না পায় সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার আদিতমারী |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, আদিতমারী | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী জোনাল অফিস এর ডিপুটি জেনারেল ম্যানেজার জানান যে, চলতি বোর মৌসুমে সেচ কাজের চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। মাঠ পর্যায়ে এখনো যে পরিমাণে ফসল জমিতে রয়েছে তাতে বর্তমানে আর সেচের প্রয়োজন নেই। বিগত কয়েকদিন গ্রীড হতে চাহিদার তুলনায় কম বিদ্যুৎ সরবরাহ পাওয়ায় লোডশেডিং চলছে। চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে এই লোডশেডিং এর পরিমান কমে আসবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | পল্লী বিদ্যুৎ অফিসের কার্যক্রম সঠিকভাবে মনিটরিং এবং বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের সচেষ্ট থাকতে হবে। | ডিপুটি জেনারেল ম্যানেজার,পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী। |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন,আদিতমারী | সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, জানান যে, অগ্নি সংযোগ প্রতিরোধে স্থানীয় হাট-বাজারগুলোতে মহড়া ও গণসংযোগ করা হয়েছে ০৪টি, স্কুল ও কলেজে মহড়া হয়েছে ০২টি। দুর্ঘটনায় অগ্নি সংযোগ নির্বাপন করা হয়েছে ০৪টি। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | অগ্নি সংযোগ প্রতিরোধে সচেতনতামুলক মহড়া কার্যক্রমের সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী। |

চলমান পাতা-০৬

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, পরিসংখ্যান অফিসের নিয়মিত কৃষি পরিসংখ্যান প্রস্তুতের জন্য আদিতমারী উপজেলায় ২০২৪-২৫ খ্রিঃ বছরের পরীক্ষামূলক বোরো ফসলের নমুনা কর্তন সম্ভাব্য আগামী ১৫ মে ২০২৫ খ্রিঃ হতে শুরু হবে। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরিসংখ্যান বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী |
| ২৫ | তথ্য আপা প্রকল্প | সভায় তথ্য আপা প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী জানান যে, গত মাসে তথ্যকেন্দ্রে প্রাথমিক স্বাস্থ্যসেবা, অনলাইন সেবা, নারীদের বিভিন্ন সমস্যার সমাধান ও পরামর্শ প্রদান করা হয়েছে। ০২টি উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে। এছাড়া ডোর টু ডোর ও তথ্যকেন্দ্রের সেবা প্রদান চলমান রয়েছে। | তথ্যআপা প্রকল্পের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী |
| ২৬ | উপজেলা পাট উন্নয়ন দপ্তর | উপজেলা পাট কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট অফিসার, আদিতমারী |
| ২৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস | সভায় উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান যে, সাধারণ ঋণ কার্যক্রম স্বাভাবিক চলছে এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ, নারী উদ্যোক্তা ঋণ, প্রনোদনা ঋণ-২য় পর্যায়, ও কৃষি উদ্যোক্তা ঋণ চলমান রয়েছে। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসের কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার আদিতমারী |
| ২৮ | ইনোভেশন টিম বিষয়ক | অত্র উপজেলায় ইনোভেশন টিম বিষয়ক সকল কার্যক্রম সঠিক ভাবে চলছে। | সভায় আলোচনান্তে উপজেলা ইনোভেশন টিম বিষয়ক কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হলো | সভাপতি উপজেলা ইনোভেশন টিম,আদিতমারী |
| ২৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | সভায় ইউডিএফ জানান যে, চলতি অর্থ বছরের জন্য উপজেলা মূল্যায়ন কার্যক্রম শীঘ্রই শুরু হবে। মন্ত্রণালয় হতে গত বছরের ন্যায় এ বছরেও ওয়েব সাইটে যাচাইয়ের মাধ্যমে মূল্যায়ন করা হবে। মূল্যায়ণে উত্তীর্ণের জন্য উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী নিয়মিত ওয়েব সাইটে আপলোড করতে হবে। বার্ষিক বাজেট ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে। এছাড়াও ১৭টি কমিটির বিধি মোতাবেক প্রতি দু'মাসে অন্তত ১টি সভা করে সভার কার্যবিবরণী, নোটিশ এবং হাজিরাসহ ওয়েব সাইটে আপলোড করতে হবে। তিনি সভায় সংশ্লিষ্ট ১৭টি কমিটির সদস্য-সচিবের দৃষ্টি আকর্ষনপূর্বক সভাগুলো নিয়মিত করার জন্য অনুরোধ জানান। | এ উপজেলা পরিষদের সার্বিক উন্নয়নের সার্থে ১৭টি কমিটির প্রতি ০২ মাসে অন্তত একটি করে সভার আয়োজন করে সভার কার্যবিবরণী প্রশাসক, উপজেলা পরিষদ বরাবর প্রেরণ করতে হবে। | সভাপতি/সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বিধান কান্তি হালদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

চলমান পাতা-০৭

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।
aditmari.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২০২.০০০.০২.০৬৬.২৫ - ৭৬৩ (৪০) তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২৯ মে ২০২৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৬। উপজেলা ............................................................ অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
০৭। চেয়ারম্যান ............................................................(সকল) ইউ.পি, আদিতমারী, লালমনিরহাট।
০৮। ............................................................আদিতমার, লালমনিরহাট।

(বিধান কান্তি হালদার)
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট
ফোন ঃ ০৫৯২২-৫৬০০১ (অফিস)
ফ্যাক্স নং ঃ ০৫৯২২-৫৬০৮০
Email. unoaditmari@mopa.gov.bd

CamScanner